দৈনিক জনকণ্ঠ

129

তারিখ ... AUG 1 8 1999
পৃষ্ঠা ...6... কলাম 8

## সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

### শিক্ষা মন্ত্রণালয় সমীপে একটি আবেদন

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শা-১০ বিবিধ-১৪-১৬/৯৪ তাং ০৩-
১২-৯৪ইং ও স্মারক নং-শা-১০/১ মাউফাইসি-৬/১৩/১৩৩২ তাং
১৫-০৮-৯৫ইং মোতাবেক ইংরেজী মাধ্যমে স্নাতক/স্নাতকোত্তর পাস
করা ইংরেজী বিষয়ের শিক্ষকগণের চাকরির মেয়াদকাল ৬০ বছরের
পরে ৫ বছরের জন্য সরকারী বেতন-ভাতাদিসহ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত
হয়। সেই মোতাবেক অনেক শিক্ষক গত প্রায় ৩ বছর যাবত চাকরি
করে আসছেন।

কিন্তু দুঃখের বিষয় পরবর্তীতে এই সিদ্ধান্ত পরিবর্তন করে শুধুমাত্র
শিক্ষা বোর্ডসমূহের ইংরেজী বিষয়ের ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
পরীক্ষকগণকেই এই সুযোগ দেয়া হয়েছে।

এর ফলে ৩০০ নম্বরের ইংরেজীসহ ইংরেজী মাধ্যমে
স্নাতক/স্নাতকোত্তর পাস করা ইংরেজী ভাষার শিক্ষকদের অনেকে
ইংরেজী বিষয়ের পরীক্ষক না হওয়ার কারণে বা ২/১ বছরের পরীক্ষক
হিসাবে অভিজ্ঞতা কম থাকার কারণে ইংরেজী ভাষার শিক্ষক হিসাবে
গণ্য হওয়ার সুযোগ হতে বঞ্চিত হচ্ছেন।

এমতাবস্থায় কর্তৃপক্ষের নিকট আবেদন, ইংরেজী মাধ্যমে
স্নাতক/স্নাতকোত্তর পাস করা শিক্ষকগণকেও সরকারী বেতন-
ভাতাদিসহ পূর্ব সিদ্ধান্ত মোতাবেক চাকরির মেয়াদ বৃদ্ধির সুযোগ দিয়ে
তাঁদের প্রতি সুবিচার করা হোক কারণ তাঁরাই বর্তমান সময়ে
মাধ্যমিক বিদ্যালয়স্তরে প্রকৃত ইংরেজী ভাষার শিক্ষক।

মোঃ মোতাহারুজ্জামান
সহ প্রধান শিক্ষক
জ্ঞানাঙ্কুর পাইলট উচ্চ বিদ্যালয়
পার্বতীপুর, দিনাজপুর